ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৭০৮

আগরতলা, ৩ সেপ্টেম্বর, ২০২৫

## বীমা ও পেনশন যোজনাগুলির সুযোগ গ্রহণ করতে পর্যটন মন্ত্রীর আহ্বান

প্রধানমন্ত্রী বীমা সুরক্ষা যোজনা, জীবনজ্যোতি বীমা যোজনা এবং অটল পেনশন যোজনা সাধারণ মানুষের জন্য বীমা ও আর্থিক সুরক্ষা সুনিশ্চিত করে। এই যোজনাগুলির মাধ্যমে সমাজের আর্থিকভাবে অসুরক্ষিতদের সুরক্ষিত রাখাই হচ্ছে সরকারের মূল লক্ষ্য। গতকাল জিরানীয়া ব্লকের পূর্ব বড়জলা গ্রাম পঞ্চায়েতস্থিত সুকান্ত স্মৃতি কমিউনিটি হলে বিভিন্ন যোজনা বিষয়ে একদিনের মেগা সচেতনতামূলক শিবিরের উদ্বোধন করে পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী একথা বলেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি প্রবর্তিত জন সুরক্ষা প্রকল্পগুলি মানুষের বার্ধক্যে আর্থিক নিরাপত্তা যেমন নিশ্চিত করে, তেমনি সমাজের আর্থিকভাবে দুর্বল পরিবারগুলিকে সাশ্রয়ী মূল্যে বীমা ও পেনশনে সুবিধাও প্রদান করে থাকে। তিনি সকলকে এই বীমা ও পেনশন যোজনাগুলির সুবিধা গ্রহণ করার আহ্বান জানান। বিভিন্ন ব্যাঙ্ক কর্তৃপক্ষ এই সমস্ত সচেতনতামূলক শিবিরের মাধ্যমে মানুষের দরজায় ব্যাঙ্কিং পরিষেবা পৌঁছে দিতে তৎপর রয়েছেন। তিনি সকলকে বীমা ও পেনশন প্রকল্পগুলির সুবিধা গ্রহণ করার পরামর্শ দেন।

এছাড়া শিবিরে উপস্থিত ছিলেন জিরানীয়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন রতন দাস ও জিরানীয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান প্রীতম দেবনাথ। সভাপতিত্ব করেন পূর্ব বড়জলা গ্রাম পঞ্চায়েত প্রধান প্রীতিলতা দাস। উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সদস্য শিবায়ন দাস, শচীন্দ্রনগর কলোনী গ্রাম পঞ্চায়েতের প্রধান অরূপ দাস প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন গুয়াহাটি থেকে আসা কানাড়া ব্যাঙ্কের জিএম সিও লোকনাথ। এছাড়া অনুষ্ঠানে কানাড়া ব্যাঙ্কের শিলচর বিভাগের এজিএমআরও শান্তনু কুন্ডু ব্যাঙ্ক অ্যাকাউন্টের রি-কেওয়াইসি’র বিভিন্ন সরলীকরণ প্রক্রিয়া নিয়ে আলোচনা করেন। এছাড়া অনুষ্ঠানে বিভিন্ন ব্যাঙ্কিং পরিষেবা ও আর্থিক সাপোর্ট নিয়ে আলোচনা করেন রাজ্যের অর্থ সচিব অপূর্ব রায়, কানাড়া ব্যাঙ্কের জিএমএইচও অভয় কুমার মালবিয়া, আরবিআই (আগরতলা) জিএম সুরেন্দ্র নিদর, নাবার্ডের (আগরতলা) জিএম অনিল এস কোটমির এবং ইনস্টিটিউশন্যাল ফিনান্স-এর অধিকর্তা রাখী বিশ্বাস। উল্লেখ্য, কানাড়া ব্যাঙ্কের জিরানীয়া শাখার উদ্যোগে এই সচেতনতামূলক শিবিরের আয়োজন করা হয়।

*******